থামাও রিমিকি-ঝিমিকি বরিষন, ঝিল্লিঝনক-ঝন-নন, হে শ্রাবণ ।
ঘুচাও ঘুচাও স্বপ্নমোহ-অবগুণ্ঠন ঘুচাও ॥
এসো হে, এসো হে, দুর্দম বীর এসো হে ।
ঝড়ের রথে অগম পথে জড়ের বাধা যত করো উন্‌মূলন ॥
জ্বালো জ্বালো বিদ্যুতশিখা জ্বালো,
দেখাও তিমিরভেদী দীপ্তি তোমার দেখাও ।
দিগ্বিজয়ী তব বাণী দেহো আনি, গগনে গগনে সুপ্তিভেদী তব গর্জন জাগাও ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Hameer-Kedara
Visit www.geetabitan.com for notation and other detail